

মাদ্রাসা শিক্ষার উন্নয়নে ১১ সদস্যের কমিটি গঠন

বার্সস ৪ মৌলিক বিষয় ঠিক রেখে মাদ্রাসা শিক্ষার পাঠ্যপুস্তক ও পাঠক্রম সংশোধন ও উন্নয়নের লক্ষ্যে শিক্ষা মন্ত্রণালয় ইসলামী বিশ্ববিদ্যালয়ের ডাইস চ্যান্সেলরের নেতৃত্বে ১১ সদস্যের একটি কমিটি গঠন করেছে। শিক্ষা সচিবের সভাপতিত্বে গত বৃহস্পতিবার মন্ত্রণালয়ে অনুষ্ঠিত এক বৈঠকে এই কমিটি গঠন করা হয়। মাদ্রাসা শিক্ষার পাঠক্রম ও পাঠ্যসূচীকে সাধারণ শিক্ষার সঙ্গে সমন্বয়পযোগী করে তুলতে বৈঠকে এসব পাঠক্রম ও পাঠ্যসূচী নিয়ে আলোচনা করা হয়। কমিটি বর্তমান সমস্যা দূরীকরণ, পাঠ্যপুস্তক বিনামূল্যে বিতরণ ও ছাত্র-ছাত্রীদের উপবৃত্তি প্রদান এবং কামিল ও ফাজিল পর্যায়ে ডিগ্রী ও অনার্স কোর্স প্রবর্তনের লক্ষ্যে বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা ও প্রশিক্ষণ কেন্দ্রগুলোকে গতিশীল করতে এবং মাদ্রাসা পাঠক্রম পরিবর্তনের পরামর্শসম্বলিত রিপোর্ট আগামী দু'মাসের মধ্যে পেশ করবে।